

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৭১৪

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৫. দ্বিতীয় অনুচ্ছেদ - বসা, ঘুমানো ও চলাফেরা করা

### আরবী

وَعَن قيلة بنت مخرمة أَنَّهَا رَأَتْ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الْمَسْجِدِ وَهُوَ قَاعِدٌ الْقُرْفُصنَاءَ. قَالَتْ: فَلَمَّا رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمُتَخَشِّعَ أُرْعِدْتُ مِنَ الْفَرَقِ. رَوَاهُ أَبُو دَاوُد

#### বাংলা

8৭১৪-[৮] কয়লাহ্ বিনতু মাখরামাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-কে মসজিদে কুরফুসা অবস্থায় বসে থাকতে দেখেছি। তিনি আরো বললেনঃ আমি যখন রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-কে অনুনয়-বিনয়ের চরম অবস্থায় দেখলাম, তখন ভয়-ভীতিতে আমার সমস্ত শরীর কেঁপে উঠল। (আবূ দাউদ)[1]

## ফুটনোট

[1] হাসান : আবূ দাউদ ৪৮৪৭, তিরমিয়ী ২৯৭৯, সহীহ আল আদাবুল মুফরাদ ৯০২, সিলসিলাতুস্ সহীহাহ্ ২১২৪, আল মুজামুল কাবীর লিত্ব ত্ববারানী ২০৫২৫, আস্ সুনানুল কুবরা লিল বায়হাক্কী ৬১২৬।

#### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ আলোচ্য হাদীস থেকে শিক্ষণীয় বিষয় হলো সালাত শেষ করে হোক বা অন্য কোন প্রয়োজনে হোক মসজিদে বসার পদ্ধতি সম্পর্কে বর্ণনা করা হয়েছে। ১. কুরফুসা পদ্ধতিতে বসা অর্থাৎ দু' হাঁটু খাড়া করে পেটের সাথে মিলিয়ে দু' হাত দ্বারা দু' পায়ের নলা জড়িয়ে ধরে নিতম্ব মাটিতে রেখে বসা। ২. ইহতিবা অবস্থায় বসা ৩. তারাববু তথা হাঁটু খাড়া রেখে মাথা হাঁটুর মধ্যে ঝুকিয়ে নিতম্বের উপর বসা, ৪. সালাতের তাশাহহুদের মতো বসা। মসজিদে বসার বিভিন্ন পদ্ধতি থাকলেও রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অধিকাংশ সময় তাশাহ্হুদে বসার মতো বসতেন। কেননা এতে বিনয়ী হওয়ার ভাব প্রকাশ পায়। (মিরক্বাতুল মাফাতীহ)



হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ কয়লাহ্ বিনতু মাখরামাহ্ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন